



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## কৃষি বিপণন অধিদপ্তর

জেলা কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, পিরোজপুর।

[www.dam.pirojpur.gov.bd](http://www.dam.pirojpur.gov.bd)



চামড়া বাংলাদেশের অন্যতম প্রধান রপ্তানী পণ্য। উৎকৃষ্ট মানের চামড়া প্রাপ্তির জন্য পশু জবাই-এর সময় নিম্নের পদক্ষেপসমূহ অণুসরণ করলে যেমন- চামড়ার ভাল মূল্য পাওয়া যাবে তেমনি দেশ অধিক বৈদেশিক মুদ্রা অর্জনে সক্ষম হবে।

### কোরবানীর পশুর চামড়া ছাড়ানো, সংরক্ষণ এবং সংশ্লিষ্ট কার্যক্রমের ক্ষেত্রে করণীয় :

- ০১। পশু জবাইয়ের পূর্বে পশুকে পর্যাপ্ত বিশ্রাম দিতে হবে।
- ০২। পশু জবাইয়ের পূর্বে পশুকে পর্যাপ্ত পানি পান করাতে হবে।
- ০৩। জবাইয়ের ১২ ঘন্টা পূর্ব হতে পশুকে খাদ্য সরবরাহ বন্ধ রাখা উত্তম।
- ০৪। পশু জবাইয়ের পূর্বে পশুকে ভাল ভাবে গোসল করাতে হবে।
- ০৫। পশু জবাইয়ের পূর্বে জবাইর স্থান ভাল করে পরিষ্কার পরিচ্ছন্ন করতে হবে।
- ০৬। জবাইয়ের জন্য প্রয়োজনীয় ধারালো ছুরি ব্যবহার করতে হবে এবং উপযুক্ত গর্ত তৈরি করে নিতে হবে।
- ০৭। জবাইয়ের পর পশুর সমুদয় রক্ত নির্গমনের জন্য পর্যাপ্ত সময় দিতে হবে।
- ০৮। রক্ত ভর্তি গর্তটি মাটি দিয়ে বন্ধ করে দিতে হবে।
- ০৯। চামড়া ছাড়ানোর সময় লক্ষ্য রাখতে হবে যাতে চামড়ার সাথে মাংস ও চর্বি না থাকে, চামড়ার কোন স্থান কেটে না যায় এবং তাতে কোন ময়লা না লাগে।
- ১০। জবাইয়ের পর চামড়া ছাড়ানোর ৪-৫ ঘন্টার মধ্যে চামড়া সংরক্ষণের জন্য চামড়ায় লবন লাগাতে হবে। জবাই ও মাংস কাটা শেষে সকল প্রকার বর্জ্য ভালোভাবে অপসারণ করে মাটিতে পুঁতে ফেলতে হবে।
- ১১। কাঁচা চামড়ার পঁচনরোধে চামড়ার ভিতরের দিকটি উপরের দিকে টান টান করে বিছিয়ে দিতে হবে। অতঃপর পর্যাপ্ত লবণ ছিটিয়ে চামড়ার পানি শুষে নেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। চামড়া বিক্রির পূর্বে এ কাজটি বার বার করা যেতে পারে।

প্রচারে

কৃষি বিপণন অধিদপ্তর, পিরোজপুর